অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/5/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল FDA কর্তৃক দেশব্যাপী উপলভ্যতা বৃদ্ধির পর নিউ ইয়র্কের ফার্মেসিগুলিতে নারকানের উপলভ্যতার উপর আলোকপাত করলেন

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ 2022 সালের সকল ফার্মেসিতে ন্যালোক্সনের জন্য স্থায়ী আদেশ জারি করেন; FDA সিদ্ধান্তের পর প্রধান ফার্মেসি চেইনগুলি এই মাসে উপলভ্যতা সম্প্রসারিত করবে

অপিওয়েড সংকট সমাধানে গভর্নরের বহুমুখী প্রয়াসের মধ্যে রয়েছে ন্যালোক্সন, ফেন্টানিল স্ট্রিপের উপলভ্যতা বৃদ্ধি করা

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্ক স্টেটের ফার্মেসিতে ন্যালোক্সনের উপলভ্যতার উপর আলোকপাত করেন, বাণিজ্যিক ব্র্যান্ড নাম নারকান হিসেবে বেশি পরিচিত এই ওষুধটি হেরোইন, ফেন্টানিল এবং প্রেসক্রিপশন অপিওয়েড থেকে হওয়া ওষুধ ওভারডোজের প্রভাব পাল্টে দিতে পারে। ওয়ালগ্রিনস, CVS, ওয়ালমার্ট এবং রাইট এইডের মতো প্রধান ফার্মেসিগুলি এই মাস থেকে অনলাইন এবং দোকান উভয় স্থানে এই ওষুধ রাখা শুরু করবে। নিউ ইয়র্ক স্টেটে 2006 সাল থেকে মেডিকেল কর্মী ছাড়াও অন্যান্যদের ব্যবহারের দ্বারা ওভারডোজ প্রতিরোধের জন্য উপলভ্য আছে, এবং একটি স্টেটব্যাপী ফার্মেসির স্থায়ী আদেশের কারণে 2022 সালের আগস্ট থেকে নিউ ইয়র্ক স্টেটে এটি পাওয়া সহজতর হয়েছে। যদিও সম্ভবত ন্যালোক্সন প্রয়োগের সকল ঘটনার রিপোর্ট হয় না, এই সময়ে নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health, NYSDOH) এর কাছে 35,000 বার ন্যালোক্সন প্রয়োগের রিপোর্ট এসেছে।

"অপিওয়েড এবং ওভারডোজ মহামারী অনেক বেশি নিউ ইয়র্কবাসীকে প্রভাবিত করেছে," **গভর্নর হোকল বলেন।** "ক্ষতি হ্রাস, প্রতিরোধক, এবং চিকিৎসা সমর্থন কর্মসূচির পাশাপাশি, নারকানের বর্ধিত উপলভ্যতা পুরো নিউ ইয়র্ক স্টেটে জীবন রক্ষা করেছে, এবং ওভার-দ্য-কাউন্টার উপলভ্যতা আরো জীবন রক্ষা করবে। কার্যকর এবং সহানুভূতিশীলভাবে ওভারডোজ মহামারী সমাধান করার জন্য স্টেটের সংস্থান ব্যবহারে আমরা মনোযোগ অব্যাহত রাখবো।"

নিউ ইয়র্ক স্টেট আসক্তি সমর্থন ও সেবা অফিসের (New York State Office of Addiction Services and Supports, OASAS) কমিশনার ডাঃ শিনাজো কানিংহ্যাম বলেন, "পুরো নিউ ইয়র্ক স্টেট এবং বাকি দেশে আমরা নজিরবিহীন সংখ্যক ওভারডোজ মৃত্যু দেখে চলেছি। এই মারাত্মক ধারা বদলে দেওয়ার জন্য আমাদেরকে সম্ভাব্য সকল কিছু করতে হবে। ন্যালোক্সন ইতিমধ্যে নিউ ইয়র্ক স্টেটে হাজার হাজার মৃত্যু প্রতিরোধ করেছে এবং নিরাপদ

ও কার্যকর এই ওষুধের বর্ধিত উপলভ্যতা আরো জীবন রক্ষা করতে সাহায্য করবে। ন্যালোক্সনের আরো বেশি উপলভ্যতা আসক্তি দ্বারা প্রভাবিতদের সমর্থন করতে আমাদের চলমান প্রয়াসের জন্য অত্যাবশ্যকীয়।"

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "অপিওয়েড ব্যবহার ব্যাধি হলো একটি জটিল ও প্রচলিত ব্যাধি যা বহু নিউ ইয়র্কবাসীকে প্রভাবিত করছে। চিকিৎসা কর্মসূচির পাশাপাশি প্রেসক্রিপশন ছাড়া ন্যালোক্সন (নারকান) এর সহজলভ্যতা এবং উপলভ্যতা এখন জীবন রক্ষা করতে সাহায্য করবে। সহানুভূতি ও সংকল্পের সাথে অতি গুরুত্বপূর্ণ এই সমস্যাকে আলোকপাত ও এর সমাধান করা গভর্নর হোকল, স্টেটের স্বাস্থ্য বিভাগ এবং আমি অব্যাহত রাখবো।"

এই গ্রীষ্মকালে, রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রসমূহ (Centers for Disease Control and Prevention, CDC) রিপোর্ট করে যে ওষুধ ওভারডোজের কারণে আনুমানিক 110,000 মৃত্যুর ঘটনা ঘটেছে, যা সাম্প্রতিক বছরের বৃদ্ধির সাথে সঙ্গতিপূর্ণ। নিউ ইয়র্ক স্টেট অপিওয়েড প্রস্তুতকারক এবং ফার্মাসিউটিক্যাল কোম্পানিগুলির সাথে বিভিন্ন বন্দোবস্তর চুক্তির মাধ্যমে 2 বিলিয়ন ডলারেরও বেশি পাচ্ছে যা অ্যাটর্নি জেনারেল লেটিশিয়া জেমস সুরক্ষিত করেছিলেন। এই বন্দোবস্তগুলি থেকে তহবিলের একটি অংশ সরাসরি পৌরসভাগুলিতে যাবে এবং বাকি অংশটি চলমান ওপিওড মহামারীর মোকাবেলায় প্রতিরোধ, চিকিৎসা, ক্ষতি হ্রাস এবং পুনরুদ্ধারের প্রচেষ্টাকে সমর্থন করার জন্য একটি উৎসর্গীকৃত তহবিলে জমা দেওয়া হবে যা অপিওয়েড সেটেলমেন্ট ফান্ড অ্যাডভাইজরি বোর্ডের (Opioid Settlement Fund Advisory Board) মাধ্যমে পরিচালিত হবে।

পাশাপাশি, নিউ ইয়র্ক স্টেটের ওভারডোজ প্রতিরোধের আন্তঃএজেন্সি টাস্ক ফোর্সটি (Interagency Task Force on Overdose Prevention) সম্প্রতি তাদের প্রথম বৈঠকের আয়োজন করে। নিউ ইয়র্ক স্টেট আসক্তি সেবা ও সমর্থন অফিসের কমিশনার ডাঃ শিনাজো কানিংহ্যাম এবং নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ডের নেতৃত্বে বহু এজেন্সির এই দলটি কর্মসূচিসমূহের সমন্বয় বৃদ্ধি, বিদ্যমান স্টেট কর্মসূচিসমূহের সাফল্য বিশ্লেষণ, এবং অপিওয়েড সঙ্কটের অন্যান্য সমাধান বের করতে কাজ করবে।

নিউ ইয়র্ক স্টেট ওভারডোজ মহামারী সমাধান করার জন্য একটি আগ্রাসী, বহুমাত্রিক পথ বেছে নিয়েছে এবং পূর্ণ প্রতিরোধ, চিকিৎসা, ও নিরাময় সেবা এবং ক্ষতি কমানো সহ আসক্তি পরিচর্যার জন্য দেশের একটি শীর্ষস্থানীয় চিকিৎসার ধারাবাহিকতা তৈরি করেছে। গভর্নর হোকলের নেতৃত্বে, স্টেট প্রথাগত সেবার প্রাপ্যতা সম্প্রসারণ করার জন্য কাজ করেছে, যার মধ্যে রয়েছে সঙ্কটকালীন সেবা, ইনপেশেন্ট, আউটপেশেন্ট ও আবাসিক চিকিৎসা কর্মসূচির পাশাপাশি আসক্তির চিকিৎসার জন্য ওষুধ এবং মোবাইল চিকিৎসা ও পরিবহন সেবাসমূহ।

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের পুরো নিউ ইয়র্ক স্টেটজুড়ে 1,000 এর বেশি নিবন্ধিত কর্মসূচি রয়েছে যেখানে ব্যক্তিরা কীভাবে ন্যালোক্সন প্রদান করতে হয় তার প্রশিক্ষণ বিনামূল্যে গ্রহণ করতে পারবে। নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের ওভারডোজ কর্মসূচি সম্পর্কে আরো তথ্য এখানে পাওয়া যাবে।

বিনামূল্যে ন্যালোক্সন, এবং সেই সাথে ফেন্টানিল এবং জাইলাজিন টেস্ট ট্রিপ এখন OASAS এর ওয়েবসাইটে একটি নতুন অর্ডারিং পোর্টালের মাধ্যমে অর্ডার করা যাবে। এছাড়াও এজেন্সি বিনামূল্যে ভার্চুয়াল ন্যালোক্সন প্রশিক্ষণ প্রদান করে, যা এখানে পাওয়া যাবে।

আসক্তির সমস্যায় ভোগা নিউ ইয়র্কবাসীগণ অথবা যাদের প্রিয়জন সমস্যায় ভুগছেন তারা স্টেটের টোল-ফ্রি, দিনরাত 24-ঘণ্টা সপ্তাহে 7-দিন খোলা থাকা হোপলাইনে 1-877-8-HOPENY (1-877-846-7369) নম্বরে ফোন করে অথবা HOPENY (শর্ট কোড 467369) লিখে টেক্সট পাঠিয়ে সাহায্য ও আশা খুঁজে নিতে পারেন।

আসক্তি সংক্রান্ত লভ্য চিকিৎসা, যেমন ক্রাইসিস/ডিটক্স, হাসপাতালে ভর্তি হওয়া, রেসিডেনশিয়াল, বা বহির্বিভাগের রোগীদের সেবা, ইত্যাদি NYS OASAS চিকিৎসার লভ্যতা সংক্রান্ত ড্যাশবোর্ড ব্যবহার করে খুঁজে নেয়া যাবে
যা FindAddictionTreatment.ny.gov ওয়েবসাইটে গিয়ে অথবা NYS OASAS ওয়েবসাইটের মাধ্যমে পাওয়া যাবে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন